



বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণাগার, রাজশাহী

সূত্রঃ ৩৯.০২.৮১৪০.০৩৮.৪০.০২৬.২০১৮/ ১৭৭

তারিখঃ ০৬/০৯/২০২১ ইং

নিলাম বিজ্ঞপ্তি

নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণাগার, রাজশাহী ডাকঘরঃ- বিনোদপুর বাজার, রাজশাহী-এর আঞ্জিনায় গজানো উলুখড় দক্ষিণ চক্র, গবেষণা মাঠ এবং আবাসিক এলাকায় (স্কুল সীমানা ও কেপিআই এলাকা ব্যতিত) জন্মানো উলুখড় নিলামে বিক্রয়ের জন্য যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় বিক্রয়ের নিমিত্তে নিলাম দরপত্র আহবান করা যাচ্ছে।

শর্তাবলীঃ-

১. দরদাতাগন ০৬/০৯/২০২১ইং তারিখ হতে ১৯/০৯/২০২১ইং তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ের অর্থাৎ সকাল ৯:০০ টা হইতে বিকাল ৫:০০ টা পর্যন্ত সরেজমিনে রাজশাহী এর আঞ্জিনায় গজানো উলুখড় পরিদর্শন করতে পারবেন এবং ২০/০৯/২০২১ইং তারিখ দুপুর ১২:০০ ঘটিকার মধ্যে উলুখড়ের দর নিজস্ব লেটার হেড প্যাডে কথায় ও অংক লিপিবদ্ধ করে সীলগালা অবস্থায় পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বিসিএসআইআর গবেষণাগার, রাজশাহী, ডাকঘর-বিনোদপুর বাজার, রাজশাহী এর দপ্তরে রক্ষিত দরপত্র বাঞ্চে সরাসরি দাখিল করতে পারবেন।
২. রেজিস্টার্ড পোস্ট/কুরিয়ার সার্ভিস যোগে উপরোক্ত ঠিকানায় দরপত্র প্রেরণ করা যাইবে।
৩. প্রাপ্ত নিলাম দরপত্র দরদাতা/প্রতিনিধিদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকে) ২০/০৯/২০২১ইং তারিখে বেলা ১২:৩০ ঘটিকায় খোলা হবে।
৪. দরপত্রের সঙ্গে অবশ্যই প্রতিষ্ঠানের হাল নাগাদ ট্রেড লাইসেন্স, আয়কর সনদ, ভ্যাট রেজিস্ট্রেশন ও মালিকের জাতীয় পরিচয় পত্রের কপি এর সত্যায়িত কপি দাখিল করতে হবে।
৫. নির্ধারিত সময়ের পর কোন দরপত্র গ্রহণ করা হবে না। অনিবার্য কারণ বশত: ঐ দিন অফিস বন্ধ থাকলে পরবর্তী কার্যদিবসে নির্ধারিত সময়ে নিলাম দরপত্র দাখিল করা যাবে।
৬. দরপত্রের সাথে উদ্ধৃত দরের ২৫% (পঁচিশ) হারে জামানতের টাকা সরকার অনুমোদিত যে কোন তফসিলি ব্যাংক হইতে ব্যাংক ড্রাফট/পে অর্ডার আকারে বিসিএসআইআর গবেষণাগার, রাজশাহী এর অনুকূলে দাখিল করিতে হইবে।
৭. কৃতকার্য দরদাতাকে কার্যাদেশ পাওয়ার ১০ (দশ) দিনের মধ্যে উক্ত উদ্ধৃত দরের অবশিষ্ট ৭৫% (পঁচাত্তর) টাকা ও সর্বমোট মূল্যের উপর সরকারী সাম্প্রতিক নিয়মানুযায়ী ভ্যাট ও আয়কর পৃথক পৃথকভাবে সংযোজন পূর্বক সরকার অনুমোদিত তফসিলি ব্যাংক হইতে ব্যাংক ড্রাফট/পে অর্ডার আকারে বিসিএসআইআর গবেষণাগার, রাজশাহী এর অনুকূলে উল্লেখিত ব্যাংক ড্রাফট/পে অর্ডার বিসিএসআইআর গবেষণাগার, রাজশাহীর হিসাব শাখার ক্যাশিয়ারের নিকট দাখিল করে প্রাপ্তি স্বীকার পত্র গ্রহন পূর্বক কর্তৃপক্ষের নিকট হতে নিলামকৃত উলুখড় ডেলিভারী গ্রহণ করতে হবে, নচেৎ কোন কারণ দর্শানো ব্যতিরেকে দাখিলকৃত সমুদয় বায়নার টাকা বাজেয়াপ্ত হবে।
৮. কৃতকার্য দরদাতাকে বিসিএসআইআর গবেষণাগার, রাজশাহী এর অনুকূলে সম্পূর্ণ টাকা পরিশোধের পর উলুখড় বুঝে নেওয়ার জন্য গেইট পাশ প্রদান করা হবে।
৯. গেইট পাশ ব্যতিত নিলামকৃত মালামাল কোন ক্রেমেই বাহিরে নেওয়া যাবে না।
১০. নিলামকৃত মালামাল বাহিরে নেওয়ার সময় অত্র অফিসের কোন সম্পদ নষ্ট/ক্ষতি হলে তা নিজ দায়িত্বে ও খরচে মেরামত করে দিতে হবে।
১১. কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ সকল দরপত্র অথবা যে কোন দরপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা সংরক্ষন করেন।

স্বা/-

(মো: ফেরদৌস জামান)

নির্বাহী প্রকৌশলী

বিসিএসআইআর গবেষণাগার, রাজশাহী

অনুলিপি ব্যাপক প্রচারের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):-

- ০১। প্রধান প্রকৌশলী, রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী।
- ০২। সচিব, রাজশাহী সিটি কর্পোরেশন, রাজশাহী।
- ০৩। প্রশাসনিক কর্মকর্তা, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী।
- ০৪। ব্যবস্থাপক, রাজশাহী সুগার মিলস, রাজশাহী।
- ০৫। ব্যবস্থাপক, রাজশাহী জুট মিলস, রাজশাহী।
- ০৬। প্রশাসনিক কর্মকর্তা, গম গবেষণা ইনস্টিটিউট, রাজশাহী।
- ০৭। প্রশাসনিক কর্মকর্তা, ধান গবেষণা ইনস্টিটিউট, রাজশাহী।
- ০৮। উর্দ্ধতন বৈজ্ঞানিক কর্মকর্তা, ফল গবেষণা কেন্দ্র, রাজশাহী।
- ০৯। প্রশাসনিক কর্মকর্তা, মৃত্তিকা গবেষণা ইনস্টিটিউট, রাজশাহী।
- ১০। পরিচালক দপ্তর, বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণাগার, রাজশাহী।
- ১১। জনাব ড. আরফাতুন নাহার চৌধুরী, পিএসও এবং আহ্বায়ক, নিলাম কমিটি, বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণাগার, রাজশাহী।
- ১২। নিরাপত্তা- ইন- চার্জ, বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণাগার, রাজশাহী।
- ১৩। ICT সেল (ওয়েব সাইট প্রচারের অনুরোধসহ), বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণাগার, রাজশাহী।
- ১৪। নোটিশ বোর্ড, বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণাগার, রাজশাহী।
- ১৫। অফিস কপি।

০৬-৯-২০২১

(মো: ফেরদৌস জামান)

নির্বাহী প্রকৌশলী

বিসিএসআইআর গবেষণাগার, রাজশাহী।